**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা

নং-৫২.০০.০০০০.০১৮.২৫.০৩৩.১৬- ৭১ তারিখ: ০৭/০১/২০১৮

বিষয়: Bangladesh Geographical Information System Platform (BGISP)-এর বিষয়ে ২১/১২/২০১৭ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে অতিরিক্ত সচিব, জনাব বিকাশ কিশোর দাস-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৪র্থ সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২১/১২/২০১৭ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, জনাব বিকাশ কিশোর দাস-এর সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে Bangladesh Geographical Information System Platform (BGISP)- এর বিষয়ে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী এতদসংগে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মো: আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৮১৮১৫৬৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রকল্প পরিচালক, A21, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁ, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৮। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্তিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
১১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২। চেয়ারম্যান, রাজউক, ঢাকা।
১৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC), ফার্মগেট, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
১৬। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা।
১৭। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা।
২০। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২১। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা।
২২। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৩। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২৪। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা।
২৬। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
২৭। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা।
২৮। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২৯। চেয়ারম্যান, WARPO, বনানী, ঢাকা।
৩০। কান্ট্রি ডিরেক্টর, ওয়ার্ল্ড ব্যাংক, ঢাকা অফিস, আগারগাঁও, ঢাকা।
৩১। কান্ট্রি ডিরেক্টর, এডিবি, ঢাকা অফিস, আগারগাঁও, ঢাকা।
৩২। কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি, ঢাকা অফিস, ঢাকা।
৩৩। প্রতিনিধি, FAO, ঢাকা অফিস, ঢাকা।
৩৪। প্রতিনিধি, UNFPA, আগারগাঁ, ঢাকা।
৩৫। উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩৬। প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলেপমেন্ট (State-4-Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
৩৭। পরিচালক, সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
৩৮। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
৩৯। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা। (কার্যবিবরণীটি 'সিড'-এর ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
৪০। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

বিষয়ঃ Bangladesh Geographical Information System Platform (BGISP)-এর বিষয়ে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২১/১২/২০১৭ খ্রি: |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | বিকাশ কিশোর দাস<br>অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | সংযুক্তি-ক |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং BGIS Platform এর সভার আলোচ্য বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক কে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক বিবিএস-এর কার্টোগ্রাফার জনাব এ এস এম কামরুজ্জামানকে পাওয়ার পয়েন্ট-এ প্রদর্শন করার জন্য অনুরোধ করেন। এ প্রেক্ষিতে বিবিএস-এর কার্টোগ্রাফার গত সভার সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন, BGIS Platform গঠনের পেক্ষাপট ও সর্বশেষ কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে তুলে ধরেন। এরপর সভাপতি Web site তৈরি ও Guide Line প্রস্তুতকরণ সংক্রান্ত উপ-কমিটিকে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করেন।

২। Web site তৈরীকরণ সংক্রান্ত উপকমিটির সদস্য সচিব জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার Web site এর তিনটি নাম প্রস্তাব করলে সভায় gis.gov.bd এই নামটি চূড়ান্তভাবে গৃহীত হয়। এছাড়া BGISP-এর Logo'র ডিজাইন তৈরি করা হয়েছে মর্মে ডিজাইন তৈরীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঢাকা ওয়াসার জনাব কে. এম খালিদ আহসান জানান। এ প্রেক্ষিতে সভাপতি আগামী ৭ দিনের মধ্যে Logo টি চূড়ান্ত করে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণের পরামর্শ দেন। অপর দিকে Guide Line প্রস্তুতকরণ সংক্রান্ত উপকমিটির সভাপতি কর্তৃক গাইড লাইন তৈরি না হওয়ায় জরুরী ভিত্তিতে একটি খসড়া গাইড লাইন তৈরি করার পরামর্শ দেন। এই গাইড লাইন কোন সংস্থার সাথে সাংঘর্ষিক হলে তা পরবর্তীতে সংশোধন করার সুযোগ রয়েছে বলে তিনি অভিমত প্রকাশ করেন। সভাপতি গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপসচিব জনাব মোঃ মনিরুজ্জামান খাঁন ও সংশ্লিষ্ট শাখার সহকারী সচিব জনাব মো: আনোয়ার হোসেনকে কমিটিতে কো-অপ্ট করে আদেশ জারীর পরামর্শ দেন। সভায় সদস্যগণ অবসর প্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব এম. শফিকুল ইসলামকেও কো-অপ্ট করার বিষয়ে একমত পোষণ করেন। এছাড়াও ইতোপূর্বে জারীকৃত BGISP - গঠন সংক্রান্ত পরিপত্রটি গেজেট আকারে প্রকাশের জন্যও সদস্যগণ অভিমত ব্যক্ত করেন।

৩। গত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করার জন্য সভাপতি সভায় আলোচনার অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২৭/১২/২০১৭ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বিবিএস এর কনফারেন্স রুমে (নিচ তলায়) ওয়ার্কশপ আয়োজন করার বিষয় চূড়ান্ত হয়। এছাড়া BGISP বিষয়ক তথ্য সংগ্রহের জন্য পরিসংখ্যান ভবনের একটি কক্ষ থাকা দরকার বলে সভাপতি জানান। এতে প্রকল্প পরিচালক জানান যে, পরিসংখ্যান ভবনের ১০ তলায় একটি কক্ষ নেয়া হয়েছে এবং শীঘ্র কক্ষটি ডেকোরেশন করে কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত করা হবে।

অপর পাতা/২

৪। সভায় BGISP-র জন্য প্রস্তাবিত ওয়েব সাইটের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সদস্যগণ gis.gov.bd নামকরণ করার বিষয়ে একমত পোষণ করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) BGISP-এর ওয়েব সাইটের নাম হবে gis.gov.bd।

(খ) BGISP-এর খসড়া Logo তৈরিপূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সকলের নিকট থেকে মতামত গ্রহণ করতে হবে।

(গ) BGISP-এর খসড়া গাইড লাইন জরুরী ভিত্তিতে তৈরি করতে হবে। খসড়া গাইড লাইন উপকমিটিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব এম সফিকুল ইসলাম, উপসচিব জনাব মো. মনিরুজ্জামান খাঁন ও সহকারী সচিব জনাব মো. আনোয়ার হোসেন-কে কো-অপ্ট করে আদেশ জারী করতে হবে।

ঘ) ২৭/১২/২০১৭ তারিখে পরিসংখ্যান ভবনের কনফারেন্স রুমে (নিচ তলায়) BGISP-এর একটি ওয়ার্কশপের আয়োজন করতে হবে। ওয়ার্কশপের টেকনিক্যাল সেশনে বিবিএস, জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়, SPARRSO এবং ঢাকা ওয়াসা কর্তৃক BGISP সংক্রান্ত ৪ টি পেপার উপস্থাপন করা হবে।

ঙ) BGISP-এর সদস্য সংস্থাগুলো জিআইএস সম্পর্কিত কি কি কাজ করে সে সম্পর্কে তথ্য/তালিকা সংগ্রহ করতে হবে।

চ) পরিসংখ্যান ভবনের ১০ তলায় ১টি কক্ষ BGISP-এর কার্যক্রম পরিচালনার উপযোগী করতে হবে।

ছ) BGISP গঠন সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত পরিপত্রটি গেজেট আকারে প্রকাশ করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিকাশ কিশোর দাস)
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ